



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৪.২২.৮৪

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৮

২০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন।

নাটোর জেলার হাতিয়ান্দহ বালিকা উচ্চ বিদ্যালয় এর ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন বিষয়ে জনাব উজ্জল কুমার সরকার একটি অভিযোগ দায়ের করেন।

অভিযোগের বর্ণনা: “আমি উজ্জল কুমার সরকার, পিতাঃ মৃত রাধাকান্ত সরকার, গ্রামঃ হাতিয়ান্দহ, উপজেলাঃ সিংড়া, জেলাঃ নাটোর। আমি গত ১৭-০৪-২০০০ইং সালে হাতিয়ান্দহ বালিকা উচ্চবিদ্যালয় ও কলেজের কলেজ শাখায় প্রভাষক (গণিত) পদে যোগদান করি। অত্র প্রতিষ্ঠানে আমার এম পিও ভুক্তির। তারিখ ০১-০৫-২০০৪ ইং। সেই মাতোবেক বর্তমানে কলেজ শাখায় সহকারী অধ্যাপক হিসাবে যাহারা আছেন, তাহাদের মধ্যে আমার অবস্থান প্রথম স্থানে। সম্প্রতি গত ২২১১-২০২১ইং তারিখে অত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষ মাঃঃ ইসমাইল হাসেন, অসুস্থতা জনিত কারণে ইন্তেকাল করেন। যাহাতে প্রতিষ্ঠানের জন্য অপূরণীয় ক্ষতি সাধিত হয়। অধ্যক্ষ সাহেবের ইন্তেকালের কারণে প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত দায়িত্ব সরকারি পরিপত্র নুসারে জ্যেষ্ঠ শিক্ষক কে প্রদান করার কথা বলা হয়েছে। কিন্তু মহাদেয় অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি গত ০৪-১২-২০২১ইং তারিখে বর্তমান কমিটির সদস্যদের সংখ্যা গরিষ্ঠ মতামত কে উপেক্ষা করে বর্তমান সভাপতি মাঃঃ নওফেল উদ্দিন চৌধুরী কমিটির এক দুইজন সদস্যদের নিয়ে সরকারী পরিপত্র উপেক্ষা করে সর্বকনিষ্ঠ শিক্ষক প্রবীর কুমার সাহাকে ভার প্রাপ্তের দায়িত্ব দেন। যাহা সরকারী বিধি বহির্ভূত এবং কমিটির অন্যান্য সদস্যদের মতামত অবমাননা বটে। এমতাবস্থায় মহাদেয়ের নিকট আকুল আবেদন অতিসত্বর প্রতিষ্ঠানটির দায়িত্বক তার একজন অনভিজ্ঞ সর্বকনিষ্ঠ শিক্ষকের কবল থেকে উদ্ধার করে সরকারী পরিপত্র বানীতিমালা অনুযায়ী অভিজ্ঞতা সম্পন্ন জ্যেষ্ঠ শিক্ষককে প্রদানের জন্য অনুরোধ করছি। বিধায় প্রার্থনা হজুর আমি ইতি পূর্বে গত ১৩-০১-২০০৯ইং তারিখ থেকে ২১-০৬-২০০৯ইং তারিখ পর্যন্ত মৃত অধ্যক্ষ ইসমাইল হাসেনের যোগদানের পূর্বে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করেছি। সে মাতোবেক আমাকে পুনরায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পণ করে প্রতিষ্ঠানকে সর্বাঙ্গিক ভাবে শিক্ষার মান উন্নয়ন করার সুযোগ দানে হজুরের মর্জি হয় “।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য অধ্যক্ষ, গোল-ই-আফরোজ সরকারি কলেজ, সিংড়া, নাটোরকে নির্দেশক্রমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

২০-২-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক


অধ্যক্ষ, গুল-ই- আফরোজ কলেজ, সিংড়া, নাটোর।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৪.২২.৮৪/১(৩)

তারিখ: ৭ ফাগুন ১৪২৮
২০ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, পরিচালনা পরিষদ, হাতিয়ান্দহ বালিকা উচ্চ বিদ্যালয়, সিংড়া, নাটোর।
- ২) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, হাতিয়ান্দহ বালিকা উচ্চ বিদ্যালয়, সিংড়া, নাটোর।
- ৩) জনাব উজ্জল কুমার সরকার, সহকারী অধ্যাপক (গণিত), হাতিয়ান্দহ বালিকা উচ্চ বিদ্যালয়, সিংড়া, নাটোর।



২০-২-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক